গোলটেবিল বৈঠক

(গত ১২ নভেম্বর ২০২০, বৃহস্পতিবার বিশ্ব কোয়ালিটি দিবস উপলক্ষে অনুষ্ঠিত গোলটেবিল আলোচনাটি ক্রোড়পত্র আকারে প্রকাশিত হলো।)

বিশ্ব কোয়ালিটি দিবস ২০২০ শীর্ষক গোলটেবিল আলোচনা

জাতীয় প্রেস ক্লাব, তোফাজ্জল হোসেন মানিক মিয়া হল

বাংলাদেশে ভোক্তা পর্যায়ে গুনগতমান সমৃদ্ধ পন্য ও সেবা নিশ্চিত করার জন্য বিশ্ব কোয়ালিটি দিবস ২০২০ উপলক্ষে বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি) গুরুত্ব আরোপ করেছে। অনুষ্ঠানে ম্যানেজমেন্ট সার্টিফিকেশন, প্রডাক্ট সার্টিফিকেশন এবং ইন্সপেকশন বডি সমূহ যথাক্রমেঃ এসজিএস বাংলাদেশ, এসিএম সার্টিফিকেশন, এজিএস কোয়ালিটি অ্যাকশন, ব্যুরো ভ্যারিতাস, বিকিউসি গ্লোবাল, কনসারভিয়া, ক্রিসটাল কনফরম্যাটি, গ্লোবাল এনভায়রনমেন্ট, টিইউভি সুড, গ্রীনসার্ট, আইটিএস, আইইএস ইন্সপেকশন, ইন্টারটেক, এনকিউএ (গ্লোবাল সার্টিফিকেশন), কিউটেক্স সল্যুশন, ইউনাইটেড সার্টিফিকেশন, ইউআরএস সার্টিফিকেশনসহ বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের প্রধান এবং তাদের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি

ইঞ্জিঃ মোঃ নুরুজ্জামান
ভাইস প্রেসিডেন্ট, ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ

সভাপতি

ইঞ্জিঃ এম. লিয়াকত আলী
ভাইস প্রেসিডেন্ট
বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

বিশেষ অতিথি

আবু সাইদ মোঃ নোমান, পরিচালক (যুগ্ম সচিব)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

একেএম আহম্মেদুল ইসলাম
ভাইস প্রেসিডেন্ট, কোয়ালিটি ফোরাম অব বাংলাদেশ

স্বাগত আলোচক

মোঃ আহসান হাবীব
সেক্রেটারী জেনারেল
বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

আলোচকবৃন্দ

ইঞ্জিঃ আলী আহম্মেদ খান
সাবেক মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স

ড. ইঞ্জিঃ মোঃ লুতফর রহমান
সাবেক মহাপরিচালক, বাংলাদেশ নদী গবেষনা ইন্সটিটিউট

ইঞ্জিঃ কে. জয়ন্ত শ্রীকুমারা
পরিচালক, সাউথ এশিয়ান রিজিওনাল স্ট্যান্ডার্ড অরগানাইজেশন

প্রফেসর ডাঃ মোঃ নুরুল গনি
শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর

ড. আবু সালেহ মোঃ পাটওয়ারী
উপ-পরিচালক , বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন

প্রফেসর ড. মো মামুনুর রশিদ
সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর এবং প্রধান উৎপাদন ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট

মোঃ আব্দুর রাজ্জাক
গনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর

জনাব শাকিব কোরেশী
সাবেক কর্মকর্তা, ইউএনডিপি

মোঃ জাহেদুর রহমান
এভায়রনমেন্ট এবং সোস্যাল এক্সপার্ট
পটুয়াখালী কয়লা ভিত্তিক পাওয়ার প্লান্ট প্রকল্প

মোঃ সিরাজুল ইসলাম, এফসিএমএ
সিইও, ইরা ইনফো টেক লিমিটেড

অনুষ্ঠান সঞ্চালক

মোঃ সেলিম সাহেদ
ট্রেজারার, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

প্রবন্ধ উপস্থাপক

মোঃ গোলাম কিবরিয়া
নির্বাহী সদস্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

ই-বুলেটিন উপস্থাপক

মোঃ আতাউর রহমান খান
নির্বাহী সদস্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

সদস্য আয়োজন কমিটি

আব্দুল কাদের
বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

ধন্যবাদ জ্ঞাপন

আব্দুর রশিদ
নির্বাহী সদস্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

ইঞ্জিঃ মোঃ নুরুজ্জামান
ভাইস প্রেসিডেন্ট, ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ

বাংলাদেশে গ্রাম পর্যায় কোয়ালিটি বাস্তবায়নের জন্য কাজ করতে হবে। পূর্বে বাংলাদেশের কিছু জেলার গ্রামের মানুষকে আর্সেনিকযুক্ত পানি পান করতে হত। কিন্তু বর্তমানে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন ও পানির কোয়ালিটি টেস্টিং এর মাধ্যমে গ্রামের জনগন আর্সেনিকমুক্ত বিষয়টি নিশ্চিত হয়ে পানি পান করছে। একই ভাবে আরবান এলাকাতেও পানির কোয়ালিটি টেস্টিং এর মাধ্যমে সাপ্লাই পানির গুনগতমান নিশ্চিত করা হচ্ছে। সুতরাং কোয়ালিটি বিষয়টি গ্রাম ও শহর উভয় স্থানের জন্য নিশ্চিত করতে হবে।

ইঞ্জিঃ এম. লিয়াকত আলী
ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

ক্রেতার নিকট কোয়ালিটি বা গুনগতমান একটি উদ্বেগের বিষয়। বাংলাদেশ এসোসিয়েশন অব সটিফিকেশন বডিস (বিএসসিবি) কোয়ালিটি ফিল্ডে আমরা একটা নগণ্য প্লেয়ার। বিএসসিবি থার্ড পার্টি সার্টিফিকেশন, থার্ড পার্টি ইন্সপেকশন এবং ট্রেনিং নিয়ে কাজ করে। বিএসসিবি কোন রেগুলেটরী বডি নয়। বিএসসিবি একটি ট্রেড বডি হিসেবে কাজ করে এবং এর সদস্যবৃন্দ থার্ড পার্টি প্রতিষ্ঠান হিসেবে তাদের ক্লায়েন্টের সাথে কোন প্রকার ব্যবসায়িক সম্পর্কে না জড়িয়ে আন্তর্জাতিক মান মোতাবেক নিরপক্ষেতা ও গোপনীয়তা অনুসরন করে কার্যক্রম পরিচালনা করে। আমাদের সদস্য প্রতিষ্ঠান সমূহ যে সার্ভিস দেয় তা আন্তর্জাতিক মানের এবং আন্তর্জাতিক ভাবে গ্রহনযোগ্য। অপরদিকে রেগুরেটরী সার্টিফিকেট সমুহ আন্তর্জাতিক মানের কাছাকাছি। কেন না একটা যথাযথ ইন্সপেকশন করার জন্য যোগ্যতা সম্পন্ন ব্যাক্তিসহ কত সময় লাগে এবং আপনি কত সময় দিচ্ছেন তার একটি আন্তর্জাতিক মান আছে। আমরা সবাই যদি চাই তাহলে এই সেক্টরে একটি গুনগতমান সম্পন্ন পরিবেশ তৈরী করতে পারব। দেশ ও জাতি গঠনে এই হোক মুজিব বর্ষে আমাদের অঙ্গিকার।

আবু সাইদ মোঃ নোমান
পরিচালক (যুগ্ম সচিব)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আপনারা জানেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ২০১৫ সালে প্রতিষ্ঠিত হয়েছে। এই প্রতিষ্ঠানটির প্রধান কাজ হলো খাদ্যের গুনগতমান নিশ্চিত করার জন্য খাদ্যের ভেজাল, বিভিন্ন ধরনের ক্যামিক্যাল ভেজালসহ সকল ধরনের ভেজাল দূরীভূত করা। বড় কোম্পানীগুলোর অবকাঠামো থাকায় কোয়ালিটি বা গুনগতমান বজায় রাখতে পারছে অপরদিকে ছোট ছোট ব্যাবসা প্রতিষ্ঠান বা ব্যাক্তি উদ্যোক্তা একই ভাবে কোয়ালিটি ধরে রাখতে পারছে না। এখন এই দুইটার মাঝে সমন্বয় সাধন করার প্রয়োজন। সর্বস্তরের যত ধরনের খাদ্যে ভেজাল সংশ্লিষ্ট সবকিছুর বিরুদ্ধে আমরা যদি কার্যকরী পদক্ষেপ নিতে পারি তাহলেই খাদ্যে ভেজাল দূর করা সম্ভব্য। কৃষি সম্প্রসারন অধিদপ্তর এবং কৃষি উৎপাদন পর্যায়ে গুড এগ্রিকালচারের প্র্যাকটিস (গ্যাপ) বাস্তবায়ন প্রয়োজন। বাংলাদেশ নিরাপদ খাদ্য আইন একটি ফৌজদারি আইন। অর্থ্যাৎ হাইকোর্ট এবং সুপ্রিমকোর্ট পর্যন্ত সকল পর্যায়ে কার্যক্রম সম্পন্ন হয়।

একেএম আহম্মেদুল ইসলাম
ভাইস প্রেসিডেন্ট, কোয়ালিটি ফোরাম অব বাংলাদেশ

বিশ্ব কোয়ালিটি দিবসে আমরা ভোক্তার কাঙ্খিত কোয়ালিটি বিষয়টিতে গুরুত্ব দিচ্ছি। কোয়ালিটি বিষয়টি সার্টিফিকেশন ছাড়াও বিভিন্ন সেক্টরে বা ইন্ডাসট্রিতে প্রয়োজন। আমরা জানি দেশ ভেদেও কোয়ালিটির ধারনা ভিন্ন। যেমনঃ জাপানীজ কোয়ালিটি বা চাইনিজ কোয়ালিটি। যদিও কোয়ালিটি বিষয়টি বিশ্ব ব্যাপি একটি আর্ন্তজাতিক মান দ্বারা নিরুপিত হয়। সুতরাং কোয়ালিটি ধারনাটি বিভিন্ন ক্ষেত্রে ভিন্ন ভিন্ন ভাবে ব্যাখ্যা করা যায়। বিএসসিবি এবং কোয়ালিটি ফোরাম অব বাংলাদেশ এক সাথে কাজ করলে কোয়ালিটি বিষয়টি জাতীয় অর্থনীতিতে আরও গতি পাবে।

মোঃ আহসান হাবীব
সেক্রেটারী জেনারেল
বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

ক্রেতা বা কাস্টমাদের চাহিদাকে কেন্দ্র করে কোয়ালিটি নিশ্চিত করতে হয়। কোয়ালিটি নিশ্চিত করার জন্যই আমাদের সার্টিফিকেশন, ইন্সপেকশন এবং টেস্টিং বডিসমূহ কাজ করে যাছে। বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস (বিএসসিবি) সদস্যবৃন্দ আন্তর্জাতিক মান, বাংলাদেশ সরকারের রেগুলেশন, বিডিএস এবং অন্যান্য স্পেসিফিকেশন মেনে পন্য ও সেবার গুনগতমান নিশ্চিত করে থাকে। বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডি মূলত একটি ট্রেড বডি, এটি বাংলাদেশ এক্রেডিটেশন অ্যাক্ট ২০০৬ এর ৫(১) ধারায় বলে গঠিত। সার্টিফিকেশন এবং ইন্সপেকশন কার্যক্রমের ব্যবসায়িক বাধা, বাংলাদেশের রপ্তানী বৃদ্ধি, পণ্য সামগ্রীর মান বজায় রাখার জন্য, উৎপাদনকারী, বিপননকারী এর কার্যক্রম এর সাথে কোয়ালিটি সিস্টেম এবং কোয়ালিটি এসেসমেন্টের সেতুবন্ধন তৈরীরর প্রচেষ্টা নিয়ে বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডি ২০০৯ সাল থেকে সার্টিফিকেশন বডিস এবং ইন্সপেকশন বডির একটি ফোরাম হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছে। বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ এর সদস্যবৃন্দ মূলত স্থানীয় এবং আন্তর্জাতিক সার্টিফিকেশন ও ইন্সপেকশন বডি সমূহ, যারা আইএসও/আইইসি ১৭০২১, আইএসও/আইইসি ১৭০২০, আইএসও/আইইসি ১৭০২৪, এবং আইএসও/আইইসি ১৭০৬৫ মোতাবেক এ্যাক্রেডিটেড। ফলশ্রুতিতে আমাদের সদস্যভূক্ত প্রতিষ্ঠানসমূহ থেকে গ্রাহক যেসমস্ত সার্টিফিকেট এবং পরিদর্শন রিপোর্ট নিয়ে থাকেন তাদের সার্টিফিকেট আর্ন্তজাতিক ভাবে গ্রহনযোগ্য।

ইঞ্জিঃ আলী আহম্মেদ খান
সাবেক, মহাপরিচালক
বাংলাদেশ ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স

বিশ্ব কোয়ালিটি দিবসে কোয়ালিটি সংক্রান্ত বিষয়ে শিক্ষার উপর গুরুত্ব আরোপ করতে হবে। আমাদের চারিপাশে ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, আইনজীবিসহ অনেক পেশাদার আছে। কিন্তু কোয়ালিটি সংক্রান্ত বিষয়ের ধারনা বা জ্ঞান আমাদের অনেকের মধ্যে নাই। বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানকেও এসংক্রান্ত বিষয়ে জানততে হবে। এখনও আমাদের মধ্যে এ্যাক্রেডিটেশন এবং সার্টিফিকেশন বিষয় সর্ম্পকে ধারনা পরিস্কার না। তাই এই বিষয়ে জানানোর জন্য বিএসসিবি কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।



ড. ইঞ্জিঃ মোঃ লুতফর রহমান
সাবেক, মহাপরিচালক, বাংলাদেশ নদী গবেষনা ইন্সটিটিউট

গুনগতমান সম্পন্ন পন্য বা সেবা নিশ্চিত করার ক্ষেত্রে কিছু নীতি নৈতিকতার বিষয় জড়িত। খাদ্যে ভেজালমুক্ত হালাল খাবার ভোক্তার নিকট পৌছানোর জন্য আমাদের কোয়ালিটি গাইডলাইন প্রনয়ন করতে হবে। অপর দিকে ইঞ্জিনিয়ারিং সেক্টরেও কোয়ালিটি নিশ্চিত করা জন্য লিন কোয়ালিটি ম্যানেজমেন্ট ভূমিকা রাখতে পারে।

ইঞ্জিঃ কে. জয়ন্ত শ্রীকুমারা
পরিচালক, সাউথ এশিয়ান রিজিওনাল স্ট্যান্ডার্ড অরগানাইজেশন

দক্ষিণ এশীয় আঞ্চলিক স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন (সারসো) সার্ক এর একটি বিশেষায়িত সংস্থা। সারসো এর সচিবালয় ঢাকায় অবস্থিত। সার্ক অঞ্চলের পন্য বিশ্ববাজারে প্রবেশের লক্ষ্যে এই অঞ্চলের একই পন্য মান নির্ধারনের জন্য কাজ করে থাকে। ফলে ক্রিয়েটিং কাস্টমার ভ্যালু প্রতিপাদ্য বিষয়টি আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এছাড়াও সার্ক এর "বোর্ড অফ কনফরমেটি এ্যাসেসমেন্ট" সার্টিফিকেশন, ইন্সপেকশন এবং টেস্টিং এর ক্ষেত্রে সার্ক অঞ্চলের মধ্যে টিবিটি'র মাধ্যমে বাঁধা দূর করে থাকে।



প্রফেসর ডাঃ মোঃ নুরুল গনি
শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল , স্বাস্থ্য অধিদপ্তর

ক্রিয়েটিং কাস্টমার ভ্যালু বিষয়টি ক্রেতার লাইফ স্টাইল পরিবর্তনের সাথে সম্পর্কিত বিষয়। তাই কাস্টমার ভ্যালু ক্রেতার লাইফ স্টাইল কতটুকু পরিবর্তন করে তা হিসাব করার সময় এসেছে। পন্যেও গুনগতমান বা কোয়ালিটি নিশ্চিত করতে হলে অবশ্যই গুড ল্যাবরেটরি প্র্যাকটিস এবং গুড ম্যানুফ্যাকচারিং প্র্যাকটিস বাস্তবায়ন করতে হবে।

ড. আবু সালেহ মোঃ পাটওয়ারী
উপ-পরিচালক
বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন

হে মানব সকল, পৃথিবীতে যা কিছু হালাল এবং পবিত্র- পবিত্র বলতে আমরা বুঝি কোয়ালিটি সম্পন্ন সেটাই গুনগতমান সম্পন্ন, পিউর। হালাল হচ্ছে কুরআন মোতাবেক বৈধ। শয়তানের পথ প্রদর্শন করোনা, নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু। হালাল সার্টিফিকেশন এবং হালাল বিষয়টা বানিজ্যিক ভাবে আমাদের দেশে আসার পর ইসলামিক ফাউন্ডেশন এর সাথে জড়িত হয়েছে। বাংলাদেশ সরকারের নির্দেশক্রমে ২০০৭ সাল থেকে ইসলামিক ফাউন্ডেশন স্থানীয় এবং আর্ন্তাজিকভাবে হালাল সার্টিফিকেশন চালু করেছে। এই পর্যন্ত প্রায় ৩৫ টির অধিক দেশে ৪৯ টি কোম্পানী ইসলামিক ফাউন্ডেশন এর হালাল সার্টিফিকেট নিয়ে বাংলাদেশী পণ্য রপ্তানি করছেন। বিশ্বব্যাপী তিন ট্রিলিয়ন ডালারের হালাল পণ্যের একটি বিশাল মার্কেট আছে। আর্ন্তজাতিক হালাল মার্কেটের কিছু শেয়ার বাংলাদেশ নিতে পারলে অমাদের রপ্তানী আয় বহুগুনে বেড়ে যাবে। বর্তমানে আমাদেরকে মালয়শিয়া মডেলে হালাল হাব এবং হালাল টেস্টিং ল্যাব স্থাপন করা জরুরী। এটা আমাদের পক্ষে করা সম্ভব যদি আমরা একসাথে কাজ করি এবং বিক্ষিপ্ত ভাবে থাকা হালাল সংক্রান্ত অর্জনগুলো কে একত্রিত করতে পারলে আমরা বিশ্ব হালাল বাজারে বাংলাদেশী পন্যকে এগিয়ে যেতে পারব।



প্রফেসর ড. মো মামুনুর রশিদ
সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর এবং প্রধান উৎপাদন ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট

সরকার বাংলাদেশ কোয়ালিটি কাউন্সিল এক্ট-২০২১ বাস্তবায়ন করার জন্য কার্যক্রম পরিচালনা করছে। এই আইনের অধীনে সকল সার্টিফিকেশন, ইন্সপেকশন ও টেস্টিং বডিসমূহকে বাধ্যতামূলক ভাবে কোয়ালিটি কাউন্সিল এ সদস্য হতে হবে। কোয়ালিটি কে আমরা বলি "ফিটনেস ফর ইউজ" এবং কোয়ালিটি জিনিসটা আসলে ফিটনেস। বিশ্বায়নের ফলে কোয়ালিটি সার্ভিস এর ভোক্তা আজ বিশ্বব্যাপী। তাই এখন বাংলাদেশে বসে বিদেশী বিশ্ববিদ্যালয়ে পড়ে সার্টিফিকেট পাওয়া যাচ্ছে। ব্যবসায়ের স্কোপ ও টাইম বাউন্ডও প্রায় উঠে যাচ্ছে যে কোন জায়গায় বসেই এখন প্রতিষ্ঠান চালাতে পারবেন অফিসও আপনি করতে পারেন। তাই যে কোন স্থান থেকেই কাস্টমার ভ্যালু ক্রিয়েট করা যায়।

মোঃ আব্দুর রাজ্জাক
গনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর

বিজ্ঞান গবেষণার সবচেয়ে বড় সুতিকাগার হলো বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গাবেষণা পরিষদ। বিএসসিবি'র মত প্রতিষ্ঠান যদি গাবেষণামূলক প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় সাধন করে তাহলে সাধারণ জনগনের নিকট বিজ্ঞান ও শিল্প গাবেষণার কল্যাণকর বিষয়গুলি পৌছানো সম্ভব। গুনগতমান সম্পন্ন শুটকি মাছের রপ্তানী সম্ভাবনাকে কেন্দ্র করে বর্তমান সরকার গত আর্থিক বছর থেকে একটি বিশাল প্রকল্প বাস্তবায়ন করছে।

শাকিব কোরেশী
সাবেক কর্মকর্তা, ইউএনডিপি

ক্রিয়েটিং কাস্টমার ভ্যালু মূলত বাজার সংক্রান্ত বিষয়। তবে এর আইনগত ভিত্তিও আছে। আমরা যে সমস্ত পন্য রপ্তানি করি সেক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানীকারীর জন্য তার দেশের মার্ক গ্রহন করা একটি আইনগত চাহিদা। কিন্তু আমাদের স্থানীয় বাজারের ক্ষেত্রে এই বাধ্যতামূলক মার্ক গ্রহন করায় সিথিলতা দেখা যায়। বাণিজ্য মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয় কে সুনিদৃষ্ট ভাবে কোয়ালিটি ইনফ্রাস্ট্রাকচার কার্যক্রমে বিনিয়োগ করতে হবে।

মোঃ জাহেদুর রহমান
এভায়রনমেন্ট এবং সোস্যাল এক্সপার্ট
পটুয়াখালী কয়লা ভিত্তিক পাওয়ার প্লান্ট প্রকল্প

বিশ্ব কোয়ালিটি দিবস-২০২০ এ কাস্টমার ভ্যালু ক্রিয়েট করার কথা বলা হচ্ছে। বাংলাদেশে ক্রেতা আছে এবং সরবরাহ আছে কিন্তু ক্রেতার ভ্যালু ক্রিয়েশন এখনো ঠিকমত হচ্ছে না। বাংলাদেশে স্থানীয় বাজারে তথা আর্ন্তজাতিক বাজারে শুটকী মাছের ব্যাপক চাহিদা আছে কিন্তু সেই তুলনায় গুনগতমান সম্পন্ন শুটকীর সরবরাহ নাই। একই ভাবে চাহিদা থাকা সত্তেও আমরা ইংল্যান্ডে গুনগতমান সম্পন্ন পাপড় রপ্তানী করতে পারি নাই। আমাদের এই ব্যর্থতাগুলো চিহ্নিত করে তা সমাধানের উদ্যোগ নিতে হবে।

মোঃ সিরাজুল ইসলাম
এফসিএমএ, সিইও, ইরা ইনফো টেক লিমিটেড

বিশ্ব কোয়ালিটি দিবস এ পন্য ও সেবার কোয়ালিটির পাশাপাশি শিক্ষার কোয়ালিটির উপর বিশেষ গুরুত্ব দিতে হবে। কারন গুনগতমান সম্পন্ন শিক্ষা পেলে মানুষের মধ্যে নীতি নৈতিকতা সৃষ্টি হয়। তাই শিক্ষার কোয়ালিটি নিশ্চিত করতে পারলে পন্য ও সেবার কোয়ালিটিও বৃদ্ধি পাবে।

মোঃ গোলাম কিবরিয়া
নির্বাহী সদস্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

বিশ্ব কোয়ালিটি দিবস এর পেক্ষাপটে স্থানীয় এবং আর্ন্তজাতিক ভাবে কি অর্জিত হতে পারে সে সম্পর্কে একটি সংক্ষিপ্ত ধারণা দেওয়ার চেষ্টা করব। কোয়ালিটি ম্যানেজমেন্ট বিষয়টি ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড কর্মাস এর জন্য একটি অত্যন্ত গুরুত্বপুর্ন। ভোক্তার নিকট একটা বস্তু বা সেবার গুনগতমান সঠিক অথবা সঠিক নাও হতে পারে। এজন্য উৎপাদনকারীর বক্তব্য বা স্পেসিপিফেকশন যথেষ্ট নয়। কোয়ালিটি বা গুনগতমান একটা ভাসমান বস্তু নয় যে, এটা এমনি শূন্যের উপর ভেসে থাকবে। কোয়ালিটি কার্যকর করার জন্য একটা সার্পোট সিস্টেম দরকার। এই সার্পোট সিস্টেম এর মধ্যে আছে ন্যাশনাল কোয়ালিটি ইনফ্রাস্ট্রাকচার। সুতরাং পলিসি এর মধ্যে আমরা গ্লোবাল সিস্টেম এর সাথে সংযোগ স্থাপন করে আমাদের ন্যাশনাল কোয়ালিটি কে আর্ন্তজাতিক মানে উন্নীত ও স্বীকৃত করতে পারি। বর্তমান বিশ্ব চাহিদার সাথে তাল মিলিয়ে বাংলাদেশের জন্য খুব শক্তিশালী একটা এ্যাক্রেডিটেশন সিস্টেম প্রয়োজন। এ্যাক্রেডিটেশন সিস্টেম শক্তিশালী হলে ইন্সপেকশন, টেস্টিং এবং সর্টিফিকেশন সিস্টেম শক্তিশালী হবে। আমাদের মনে রাখতে হবে ২০৪১ সালে আমাদের বাংলাদেশ যে প্রথম বিশ্ব হব, সেই প্রথম বিশ্ব তে পৌঁছাতে হলে শুধু জিডিপি অথবা শুধুমাত্র আমাদের রপ্তানী দিয়ে পৌঁছাতে পারবনা। আমাদের অবশ্যই প্রযুক্তিতে এগুতে হবে।

মোঃ আতাউর রহমান খান
নির্বাহী সদস্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

বিশ্ব কোয়ালিটি দিবস-২০২০ উপলক্ষে বিএসসিবি কোয়ালিটি প্যাক্টিশনারদের জন্য ই-বুলেটিন এর আয়োজন করেছে। এই ই-বুলেটিনটিতে এ এবারের ফোকাস ছিল ক্রিয়েটিং কাস্টমার ভ্যালু। এই ই-বুলেটিনটি ইমেইলের মাধ্যমে সকলের নিকট পৌছানোর ব্যবস্থা করা হবে। সন্মানিত লেখকবৃন্দ যারা ই-বুলেটিন এ লিখেছেন তাদের সহযোগিতার জন্য বিএসসিবি কৃজ্ঞতা জানাচ্ছে। এছাড়াও যারা ই-বুলেটিন প্রকাশে সাহায্য করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

আব্দুর রশিদ
নির্বাহী সদস্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

বিএসসিবি'র পক্ষ থেক বিশ্ব কোয়ালিটি দিবস-২০২০ উদ্‌যাপন অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়ন করার ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যারা সহযোগিতা করেছেন তঁদের এবং আমন্ত্রিত অতিথিসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন জানাচ্ছি।

আব্দুল কাদের
সদস্য আয়োজন কমিটি, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

সার্টিফিকেশন ও ইন্সপেকশন বডি সমূহকে যথা যথ কমপ্লায়েন্স অনুসরন করে কার্যক্রম পরিচালনা করার মাধ্যমে ক্লায়ন্ট সার্ভিস প্রদান করতে হবে। বাংলাদেশে সার্টিফিকেশন ও ইন্সপেকশন বডি সমূহ রপ্তানী বৃদ্ধি, উৎপাদন পর্যায় মান নিশ্চিত করন এবং ক্রেতার চাহিদা পূরণে কাজ করে দেশে এবং বিদেশে প্রসংশা অর্জন করছে।

মোঃ সেলিম সাহেদ
ট্রেজারার, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিস্ (বিএসসিবি)

গোলটেবিল বৈঠক অনুষ্ঠানে আলোচকবৃন্দ বাংলাদেশের কোয়ালিটি অবকাঠামো, ন্যাশনাল কোয়ালিটি কাউন্সিল, এ্যাক্রেডিটেশন, রেগুলেটরী বডি এবং মন্ত্রণালয়সহ রাজনৈতিক সিধান্তের নিয়ে কথা বলেছেন। মুলত্ব জাতীয় পর্যায় কোয়ালিটি বাস্তবায়ন নির্ভর করে সামগ্রীক প্রচেষ্ঠার উপর।

BACB
CERTIFY FOR EXCELLENCE
Bangladesh Association of Certification Bodies | BACB |
An Association formed under the provision of Bangladesh Accreditation Act 2006